# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৩৯

১/ বিবিধ

আরবী

يا أهل مكة لا تقصروا الصلاة فى أدنى من أربعة برد من مكة إلى عسفان

موضوع

أخرجه الطبراني في " المعجم الكبير " (3 / 112 / 1) والدارقطني في " سننه " (ص 148) ومن طريقه البيهقي (3 / 137 ـ 138) من طريق إسماعيل بن عياش عن عبد الوهاب بن مجاهد عن أبيه، وعطاء بن أبي رباح عن ابن عباس مرفوعا

قلت: وهذا موضوع، سببه عبد الوهاب بن مجاهد، كذبه سفيان الثوري، وقال الحاكم: روى أحاديث موضوعة

وقال ابن الجوزي: أجمعوا على ترك حديثه

وإسماعيل بن عياش ضعيف في روايته عن غير الشاميين، وهذه منها، فإن ابن مجاهد حجازي

وقد قل البيهقي عقب الحديث

" وهذا حديث ضعيف إسماعيل بن عياش لا يحتج به، وعبد الوهاب بن مجاهد ضعيف بمرة، والصحيح أن ذلك من قول ابن عباس

قلت: أخرجه البيهقي من طريق عمرو بن دينار عن عطاء به موقوفا، وسنده صحيح

وابن مجاهد، لم يسم في رواية الطبراني، ولذلك لم يعرفه الهيثمي (2 / 157)

ومما يدل على وضع هذا الحديث، وخطأ نسبته إليه صلى الله عليه وسلم، ما قاله شيخ الإسلام ابن تيمية في رسالته في أحكام السفر (2 / 6 ـ 7 من مجموعة الرسائل

والمسائل)
هذا الحديث إنما هو من قول ابن عباس، ورواية ابن خزيمة وغيره له مرفوعا إلى النبي صلى الله عليه وسلم باطلة بلا شك عند أئمة الحديث، وكيف يخاطب النبي صلى الله عليه وسلم أهل مكة بالتحديد، وإنما قام بعد الهجرة زمنا يسيرا وهو بالمدينة، لا يحد لأهلها حدا كما حده لأهل مكة، وما بال التحديد يكون لأهل مكة دون غيرهم من المسلمين؟
وأيضا، فالتحديد بالأميال والفراسخ يحتاج إلى معرفة مقدار مساحة الأرض، وهذا أمر لا يعلمه إلا خاصة الناس، ومن ذكره، فإنما يخبر به عن غيره تقليدا، وليس هو مما يقطع به، والنبي صلى الله عليه وسلم لم يقدر الأرض بمساحة أصلا، فكيف يقدر الشارع لأمته حدا لم يجر به له ذكر في كلامه، وهو مبعوث إلى جميع الناس؟
فلابد أن يكون مقدار السفر معلوما علما عاما
ومن ذلك أيضا أنه ثبت بالنقل الصحيح المتفق عليه بين علماء الحديث أن النبي صلى الله عليه وسلم في حجة الوداع كان يقصر الصلاة بعرفة، ومزدلفة، وفي أيام منى، وكذلك أبو بكر وعمر بعده، وكان يصلي خلفهم أهل مكة، ولم يأمروهم بإتمام الصلاة، فدل هذا على أن ذلك سفر، وبين مكة وعرفة بريد، وهو نصف يوم بسير الإبل والأقدام
والحق أن السفر ليس له حد في اللغة ولا في الشرع فالمرجع فيه إلى العرف، فما كان سفرا في عرف الناس، فهو السفر الذي علق به الشارع الحكم، وتحقيق هذا البحث الهام تجده في رسالة ابن تيمية المشار إليها آنفا، فراجعها فإن فيها فوائد هامة لا تجدها عند غيره

বাংলা

৪৩৯। হে মক্কাবাসী! মক্কা হতে উসফান পর্যন্ত চার বুরুদ-এর কম দূরত্বে তোমরা সালাত কসর করো না।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৩/১১২/১), দারাকুতনী তার "সুনান" গ্রন্থে (পৃ. ১৪৮) এবং তার সূত্র হতে বাইহাকী (৩/১৩৭-১৩৮) ইসমাঈল ইবনু আইয়াশ হতে, তিনি আব্দুল ওয়াহাব ইবনু মুজাহিদ ... হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি বানোয়াট। কারণ আব্দুল ওয়াহাব ইবনু মুজাহিদকে সুফিয়ান সাওরী মিথ্যুক আখ্যা দিয়েছেন। হাকিম বলেছেনঃ তিনি কতিপয় জাল হাদীস বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেনঃ সকলেই তার হাদীসকে পরিত্যাগ করতে ঐকমত্য হয়েছেন। শামীদের ছাড়া অন্যদের থেকে ইসমাঈল ইবনু আইয়াশের বর্ণনা দুর্বল। আর এটি সেগুলোর অন্তর্ভুক্ত। কারণ তিনি হচ্ছেন ইবনু মুজাহিদ হিজাজী।

বাইহাকী বলেনঃ এ হাদীসটি দুর্বল। ইসমাঈল ইবনু আইয়াশ দ্বারা দলীল গ্রহণ করা যায় না এবং আব্দুল ওয়াহাব ইবনু মুজাহিদ একেবারে দুর্বল। সঠিক হচ্ছে এটি ইবনু আব্বাস (রাঃ)-এর কথা। বাইহাকী আমর ইবনু দীনার সূত্রে আতা হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মওকুফ হিসাবে হাদীসটি সহীহ সনদে বর্ণনা করেছেন।

ইবনু তাইমিয়া তার “আহকামুস সাফার” গ্রন্থে (২/৬-৭) বলেছেনঃ এটি ইবনু আব্বাস (রাঃ)-এর বাণী। ইবনু খুযায়মা ও অন্যদের থেকে যে মারফু হিসাবে বর্ণিত হয়েছে তা নিঃসন্দেহে হাদীস শাস্ত্রের ইমামগণের নিকট বাতিল। কীভাবে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কাবাসীদের সম্বোধন করবেন কসরের সীমা রেখা নির্ধারণের ব্যাপারে, যেখানে তিনি হিজরতের পরে সামান্য সময় ছিলেন। অথচ মদিনাবাসীদের জন্য কোন সীমা রেখা নির্ধারণ করলেন না যেভাবে মক্কাবাসীদের জন্য নির্ধারণ করলেন। অথচ তিনি সেখানেই বাকী জীবন কাটিয়েছেন। আর কিই বা কারণ আছে যে, অন্যদের বাদ দিয়ে সীমা নির্ধারণ হবে মক্কাবাসীদের জন্য?

সহীহ হাদীস দ্বারা সাব্যস্ত হয়েছে (যা বুখারী এবং মুসলিম বর্ণনা করেছেন) যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজ্জে আরাফায়, মুযদালফায় এবং মিনার দিনগুলোতে মিনায় সালাত কসর করে আদায় করেছেন। অনুরূপভাবে আবু বাকর (রাঃ) এবং উমারও (রাঃ) তার পরে সালাত কসর করে আদায় করেছেন এবং তাদের পিছনে মক্কাবাসীরাও সালাত আদায় করেছেন। অথচ তারা তাদেরকে সালাত পূর্ণ করার নির্দেশ দেননি। এটি প্রমাণ করছে যে, সেটি ছিল মক্কাবাসীদের জন্যও সফর। অথচ মক্কা এবং আরাফার মধ্যের দূরত্ব ছিল মাত্র এক বারিদ যা পায়ে হেঁটে এবং উটে চড়ে অর্ধ দিবসের রাস্তা। [(বিঃ দ্রঃ) এক বারিদ হচ্ছে বার (১২) মাইল।] হক হচ্ছে এই যে, সফরের কোন নির্দিষ্ট সীমা শরীয়তে নেই। যেটাকে লোকেরা সাধারণত সফর বুঝে সেটিই সফর।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন